

# গমের ব্লাস্ট রোগ ও তার প্রতিকার


গমের ব্লাস্ট একটি ক্ষতিকর ছত্রাকজনিত রোগ। গমের শীষ বের হওয়া থেকে ফুল ফোটার সময়ে তুলনামূলক গরম ও আর্দ্র আবহাওয়া থাকলে এ রোগের আক্রমণ ঘটতে পারে। রোগটি ১৯৮৫ সালে সর্বপ্রথম ব্রাজিলে দেখা যায় এবং পরবর্তী সময়ে ব্রাজিলসহ দক্ষিণ আমেরিকার বলিভিয়া, প্যারাগুয়ে, আর্জেন্টিনা ইত্যাদি দেশে এর বিস্তার হয়। বাংলাদেশে সর্বপ্রথম ২০১৬ সালের ফেব্রুয়ারি মাসের মাঝামাঝি সময়ে যশোর, কুষ্টিয়া, মেহেরপুর, বিনাইদহ, চুয়াডাঙ্গা, বরিশাল ও ভোলা জেলায় প্রায় ১৫০০০ হেক্টর জমিতে এ রোগের আক্রমণ পরিলক্ষিত হয়। আক্রান্ত গম ক্ষেত্রে ফলন শতকরা ২৫-৩০ ভাগ হ্রাস পায় এবং ক্ষেত্র বিশেষে এ রোগের কারণে ক্ষেত্রের সম্পূর্ণ ফসল বিনষ্ট হতে পারে।

গত ২০১৬-১৭ মৌসুমেও দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের যশোর, মেহেরপুর, মাগুরা, বিনাইদহ, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া ও ফরিদপুর জেলায় বিচ্ছিন্নভাবে এ রোগের আক্রমণ পরিলক্ষিত হয়, তবে সংক্রমণের মাত্রা ৫-১০% এর মধ্যে নিরূপণ করা হয়। যথাযথ রোগ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার উপর সময়োপযোগী কর্মপরিকল্পনা প্রণয়ন ও সমন্বিত কার্যক্রম গ্রহণ করার ফলে এ মৌসুমে গমের ব্লাস্ট রোগ নিয়ন্ত্রণে রাখা সম্ভব হয়েছে।

## গমের ব্লাস্ট রোগ চেনার উপায়



চিত্র ১: (বাম) গম ক্ষেত্রে ব্লাস্ট রোগের প্রাথমিক লক্ষণ  
(ডান) আক্রান্ত পুরো ক্ষেত্র



চিত্র ২: (বাম) ব্লাস্ট রোগে আক্রান্ত  
শীষ (ডান) এবং আক্রান্ত স্থানে  
কালচে ধূসর দাগ

চিত্র ৩: ব্লাস্ট রোগে  
আক্রান্ত দানা

→ গম ক্ষেত্রে ব্লাস্ট আক্রান্ত স্থানে শীষ সাদা হয়ে যায় এবং অনুকূল আবহাওয়ায় তা অতি দ্রুত সারা ক্ষেত্রে ছড়িয়ে পড়ে (চিত্র ১)।

→ প্রধানত গমের শীষে ছত্রাকের আক্রমণ হয়। শীষের আক্রান্ত স্থানে কালচে ধূসর বর্ণের দাগ পড়ে (চিত্র ২) এবং আক্রান্ত স্থানের উপরের অংশ সাদা হয়ে যায়। তবে শীষের গোড়ায় আক্রমণ হলে পুরো শীষ শুকিয়ে সাদা হয়ে যায়। আক্রান্ত শীষের দানা অপুষ্ট ও বিবর্ণ হয়ে যায় (চিত্র ৩)।

→ পাতায়ও এ রোগের আক্রমণ হতে পারে। এক্ষেত্রে পাতায় চোখের ন্যায় ধূসর বর্ণের ছোট ছোট পানি ভেজা দাগ পড়ে।



## রোগের বিস্তার যেভাবে ঘটে

- আক্রান্ত বীজের মাধ্যমে গমের ব্লাস্ট রোগ ছড়ায়।
- বাতাসে আদ্রতা বেশি থাকলে বিশেষ করে বৃষ্টির কারণে গমের শীষ ১২-২৪ ঘন্টা ভেজা থাকলে এবং তাপমাত্রা ১৮-২৫° সেন্টিগ্রেড হলে এ রোগের সংক্রমণ হয় এবং রোগের জীবাণু দ্রুত বাতাসের মাধ্যমে ছড়িয়ে পড়ে।
- ব্লাস্ট রোগের জীবাণু কিছু কিছু ঘাস জাতীয় পোষক আগাছার (যেমন- চাপড়া, ধানি ঘাস, আংগুলি ঘাস, ইত্যাদি) মধ্যে বাস করতে পারে।

## গমের ব্লাস্ট রোগ নিয়ন্ত্রণের উপায়

- ব্লাস্ট রোগে আক্রান্ত হয়নি এমন জমি থেকে বীজ গম সংগ্রহ করুন।
- গমের ব্লাস্ট রোগ সহনশীল (বারি গম ২৮, বারি গম ৩০, বারি গম ৩২) ও প্রতিরোধী (বারি গম ৩৩) জাতের চাষ করুন।
- উপর্যুক্ত সময়ে অর্থাৎ অগ্রহায়ণের ০১ হতে ১৫ তারিখ পর্যন্ত (নভেম্বর ১৫-৩০) বীজ বপন করুন যাতে শীষ বের হওয়ার সময়ে বৃষ্টি ও উচ্চ তাপমাত্রা পরিহার করা যায়।
- বপনের পূর্বে প্রতি কেজি বীজের সাথে ৩ গ্রাম প্রোভ্যাক্স ২০০ ড্রিউপি (কার্বক্সিন ৩৭.৫% + থিরাম ৩৭.৫%) অথবা ৩ মিলি হারে ভিটাফ্লো ২০০ এফএফ (কার্বক্সিন ১৭.৫% + থিরাম ১৭.৫%) ছান্দাকনাশক মিশিয়ে বীজ শোধন করে নিন। বীজ শোধন করলে গমের অন্যান্য বীজবাহিত রোগও দমন হবে এবং ফলন বৃদ্ধি পাবে। বিকল্প হিসেবে রোভরাল ৫০ ড্রিউপি (ইপ্রোডিয়ন ৫০%) একই হারে ব্যবহার করা যেতে পারে।
- গমের ক্ষেত ও আইল আগাছামুক্ত রাখুন।
- প্রতিরোধক ব্যবস্থা হিসেবে শীষ বের হওয়ার সময় একবার এবং এর ১২-১৫ দিন পর আরেকবার নিম্নে উল্লিখিত ছান্দাকনাশক স্প্রে করুন :

প্রতি ৫ শতাংশ জমিতে ৬ গ্রাম নাটিভো ৭৫ ড্রিউজি (টেবুকোনাজল ৫০% + ট্রাই-ফ্লক্সিস্ট্রাবিন ২৫%) অথবা ১০মিলি এমিস্টার টপ ৩২৫ এসসি (এজক্সিস্ট্রাবিন ২০% + ডাইফেনোকোনাজল ১২.৫%) ১০ লিটার পানির সাথে মিশিয়ে ভালভাবে স্প্রে করুন। স্প্রে করলে গমের পাতা ঝলসানো রোগ, বীজের কালো দাগ রোগ এবং মরিচা রোগ ইত্যাদিও দমন হবে।



**বিঃ দ্র: ছান্দাকনাশক ব্যবহারের সময় হাতে রাবার অথবা প্লাস্টিকের গ্লোভস এবং মুখে মাস্ক ব্যবহার করুন যাতে রাসায়নিক দ্রব্যাদি শরীরের সংস্পর্শে না আসে এবং ঘাস-প্রশাসের মাধ্যমে শরীরে প্রবেশ করতে না পারে।**

বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ কৃষি সম্প্রসারণ অফিস/গম গবেষণা কেন্দ্র, বিএআরআই/ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন/ সিমিটি কার্যালয়/ ডিলার পয়েন্টে যোগাযোগ করুন।

কয়েকটি জরুরী ফোন নম্বর : ০৫৩১-৬৩৩৪২ (গম গবেষণা কেন্দ্র, দিনাজপুর);

০৪২১-৬৮৬৪৯, ৬১০৫৯ (আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, যশোর);

০৪৩২৭-৭৩৩৬১ (আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বরিশাল); ০২-৯৮৯৬৬৭৬ (সিমিটি-বাংলাদেশ, ঢাকা)

গম গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনসিটিউট কর্তৃক প্রকাশিত, প্রকাশকাল : নভেম্বর ২০১৭ (২য় সংস্করণ)  
সহযোগিতায় : আন্তর্জাতিক ভূট্টা ও গম উন্নয়ন কেন্দ্র (সিমিটি)/ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল/ বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউট/ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন/ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়/ ইউএসএআইডি/ এফএও/ এসিআইএআর/ বিল এন্ড মেলিভা গেটস ফাউন্ডেশন